গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd

বিজ্ঞপ্তি নং-৪৬ তারিখ-২৫.০৩.২০১৫ খ্রি.

মাস্টার্স ১ম পর্ব (প্রাইভেট) রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ২০১৩ সালের মাস্টার্স ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে অত্র কলেজে রেজিস্ট্রেশনে আগ্রহী শিক্ষার্থীদের নিম্নোক্ত বিষয়সমূহে অনলাইনে রেজিস্ট্রেশন আবেদন সংক্রান্ত নিয়মাবলি ও প্রয়োজনীয় তথ্যাদি অনুসরণ করার জন্য বলা হলো:

(১) বাংলা, (২) ইংরেজি (৩) অর্থনীতি (৪) দর্শন (৫) ইতিহাস (৬) সমাজবিজ্ঞান (৭) রাষ্ট্রবিজ্ঞান (৮) হিসাববিজ্ঞান (৯) ব্যবস্থাপনা।

১। ভর্তির যোগ্যতা ঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০১২ সাল অথবা তৎপূর্বে ০৩ বছর মেয়াদি ডিগ্রি (পাস)/সমমান পরীক্ষায় কমপক্ষে ৩য় বিভাগে একই প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ প্রার্থীগণ ২০১৩ সালের স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবেন।

খ) ০৩ বছর মেয়াদি অনার্স কোর্সে কমপক্ষে ৩য় শ্রেণি প্রাপ্ত/৪ বছর মেয়াদি অনার্স কোর্সে পাস ডিগ্রি প্রাপ্ত শিক্ষার্থীগণও আবেদনের যোগ্য।

গ) ডিগ্রি (পাস)/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ ২০১২ সাল অথবা তৎপূর্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্বলিত) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ সংশিষ্ট বিষয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

ঘ) ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে ৩ বছর মেয়াদি ফাজিল পরীক্ষায় কমপক্ষে ৩য় বিভাগে উত্তীর্ণ প্রার্থীগণ আবেদনের যোগ্য।

ঙ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ, শর্তাবলী পূরণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবেন।

চ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদনের যোগ্য।

২। অনলাইনে রেজিস্ট্রেশন আবেদনের নিয়মাবলী ঃ

ক) স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য প্রার্থী ২৫/০৩/২০১৫ হতে ২৫/০৪/২০১৫ তারিখ পর্যন্ত ওয়েব সাইট www.nubd.info/mp এ ফরম পূরণ করতে পারবেন। আবেদনপত্র দাখিলের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 Pixels, Image type: JPG এবং maximum file size: 50KB. আবেদন দাখিলের পর প্রার্থী একটি PIN নম্বর পাবেন এবং আবেদনপত্র প্রিন্ট করতে পারবেন। অনলাইন আবেদনে কোন ধরনের ভুল তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

খ) আবেদন ফরমের ২টি অংশ থাকবে যার ১ম অংশ কলেজ/বিশ্ববিদ্যালয়ের এবং ২য় অংশ আবেদনকারীর। ফরমের নির্দিষ্ট স্থানে প্রার্থী স্বাক্ষর করবেন।

গ) আবেদনকারী প্রিন্টআউটকৃত ফরম, আবেদন ফি, রেজিস্ট্রেশন ফি ও প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত সময়ে কলেজের স্ব স্ব বিভাগে জমা দিয়ে নিজের অংশগ্রহণ করবেন।

৩। বিষয় নির্বাচন ঃ

ক) রেজিস্ট্রেশনের জন্য অত্র কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত বিষয়সমূহ:
(১) বাংলা, (২) ইংরেজি (৩) অর্থনীতি (৪) দর্শন (৫) ইতিহাস (৬) সমাজবিজ্ঞান (৭) রাষ্ট্রবিজ্ঞান (৮) হিসাববিজ্ঞান (৯) ব্যবস্থাপনা।

খ) বিষয় নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই ডিগ্রি (পাস)/সমমান পর্যায়ে পঠিত অথবা সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ বিষয় নির্বাচন করা যাবে।

গ) ডিগ্রি (পাস) কোর্সে পঠিত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ইতিহাস বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসেবে ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়টি গণ্য করা যাবে।

ঘ) ন্যূনতম ৪০০ নম্বরের বাংলা ও ইংরেজি ব্যতীত আবশ্যিক বাংলা ও ইংরেজি বিষয় নিয়ে সরাসরি অত্র কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করা যাবে না।

৪। রেজিস্ট্রেশনের শর্তাবলী ঃ

ক) উক্ত কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোন বিষয়/কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত বিষয়/কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া যাবে না।

খ) স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) কোর্সের জন্য নির্ধারিত পাঠ্যসূচি অত্র কোর্সের পরীক্ষার্থীদের হুবহু অনুসরণ করতে হবে।

গ) শিক্ষার্থীগণকে রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয় একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মেনে নিতে হবে।

ঘ) কোন শিক্ষার্থী একই সময়ে একাধিক কোর্সে কিংবা একাধিক বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানে অধ্যয়ন করলে দ্বৈত ভর্তিজনিত কারণে উক্ত শিক্ষার্থীর ভর্তি ও ফলাফল বাতিল বলে গণ্য হবে।

ঙ) স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন স্নাতকোত্তর শেষ পর্ব কোর্সের জন্যও বলবৎ থাকবে-১ম পর্ব ও শেষ পর্ব কোর্স সম্পন্ন করার জন্য রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতীহীনভাবে ০৩ (তিন) শিক্ষাবর্ষ। ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরবর্তী ০২ (দুই) বছরের মধ্যে স্নাতকোত্তর শেষ পর্ব পরীক্ষায় উত্তীর্ণ না হতে পারলে বা পরীক্ষায় অংশগ্রহণ না করলে স্নাতকোত্তর ১ম পর্ব পরীক্ষার ফলাফল বাতিল বলে গণ্য হবে।

৫। পূরণকৃত আবেদন ফরমের প্রিন্টকপির সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

ক) এস এস সি/সমমান, এইচ এস সি/সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;
খ) ডিগ্রি (পাস) পরীক্ষা পাসের মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;
গ) উন্মুক্ত/ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি (পাস)/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে সংশিষ্ট বিশ্ববিদ্যালয় হতে গৃহীত মাইগ্রেশন সনদের সত্যায়িত ফটোকপি;
ঘ) সংশিষ্ট কলেজের অধ্যক্ষ অথবা গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ এবং পাঠবিরতি সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);
ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ প্রার্থীদের ডিগ্রি (পাস) কোর্সের রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;
চ) সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মূল/সাময়িক সনদপত্র, নম্বরপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি; ।
ছ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র।

৬। রেজিস্ট্রেশন ও অন্যান্য বাবদ ধার্যকৃত ফি ঃ

বিলম্ব ফি ছাড়া:		
আবেদন ফি	ঃ	৩০০/- (তিনশত) টাকা
রেজিস্ট্রেশন ফি	ঃ	৮০০/- (আটশত) টাকা
যাতায়ত ও পরিবহণ	ঃ	৫০/- (পঞ্চাশ) টাকা
নিরাপত্তা/নৈশ প্রহরী/অত্যাবশ্যকীয় কর্মচারি ফি	ঃ	২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা
ব্যবস্থাপনা ফি	ঃ	৫০/- (পঞ্চাশ) টাকা
আইসিটি	ঃ	২০/- (বিশ) টাকা
বিবিধ	ঃ	১০০/- (একশত) টাকা
মোট	ঃ	**১৫৭০/- (এক হাজার পাঁচশত সত্তর) টাকা**

৭। আবেদনপত্র জমার স্থান ঃ সংশ্লিষ্ট বিভাগ।

২৫/০৩/২০১৫

অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ
দিনাজপুর।

অনুলিপি-

১। আহবায়ক, মাস্টার্স ১ম পর্ব ভর্তি ও রেজিস্ট্রেশন কমিটি, অত্র কলেজ।
২। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান।
৩। হিসাব শাখা ও ক্যাশ শাখা, অত্র কলেজ।
৪। অফিস নথি।

২৫/০৩/১৫

অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ
দিনাজপুর।

25.03.15